



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/26/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো আপস্টেট নিউ ইয়র্কের দুটি COVID-19 ক্লাস্টার নিয়ে NYS স্বাস্থ্য বিভাগের তদন্ত  
বিস্তারিত বর্ণনা করেছেন

*স্টেট এবং স্থানীয় সরকারের কন্টাক্ট ট্রেসিং প্রচেষ্টার মাধ্যমে ওসুইগো কাউন্টি অ্যাপল প্যাকেজিং  
প্ল্যান্ট এবং মন্টগোমারি কাউন্টি অ্যালুমিনিয়াম প্রস্তুতকারক প্লান্টে এই ক্লাস্টার আবিষ্কৃত হয়েছে*

*প্রতিটি ক্লাস্টারে সংশ্লিষ্ট পজিটিভ কেস এবং পরিচিত কন্ট্যাক্টের জন্য আইসোলেশন এবং  
কোয়ারেন্টিন ব্যবস্থা চালু আছে*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ-এর কন্ট্যাক্ট  
ট্রেসিং প্রোগ্রাম চিহ্নিত করেছে এবং আপস্টেট নিউ ইয়র্কে COVID-19 সম্পর্কিত দুটি ক্লাস্টারে তদন্ত  
করছে। স্থানীয় স্বাস্থ্য বিভাগের সাথে যৌথভাবে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ দ্বারা ক্লাস্টার ট্র্যাক  
করা হচ্ছে। প্রতিটি ক্লাস্টারের জন্য, পজিটিভ কেস এবং পরিচিত কন্ট্যাক্ট এর ক্ষেত্রে বিচ্ছিন্নতা এবং  
কোয়ারেন্টিন ব্যবস্থা করা হয়েছে। যাদের পরীক্ষায় পজিটিভ এসেছে তারা প্রত্যেকেই বিচ্ছিন্ন এবং  
পজিটিভ ব্যক্তির পরিচিত প্রতিটি কন্ট্যাক্টকে কোয়ারেন্টিন করা হয়েছে। গভর্নর সকল নিউ  
ইয়র্কবাসীকে কন্ট্যাক্ট ট্রেসিং সিস্টেম থেকে যোগাযোগের উত্তর দিতে স্মরণ করিয়ে দিয়েছেন এবং  
আপনি যদি উপসর্গ অনুভব করেন তাহলে পরীক্ষা করতে বলা হয়েছে।

"পুনরায় খোলার পর থেকে আমাদের কৌশল হলো পরীক্ষা, ট্রেস এবং আলাদা করে রাখা - এবং  
আমাদের কাছে সুখবর আছে যে আমাদের কৌশল এবং আমাদের কন্ট্যাক্ট ট্রেসিং সিস্টেম কাজ  
করছে," **গভর্নর কুওমো বলেন।** "এই ব্যবস্থার মাধ্যমে আমরা একটি অসুযোগে কাউন্টি অ্যাপল  
প্যাকেজিং প্ল্যান্ট এবং একটি মন্টগোমারি কাউন্টি অ্যালুমিনিয়াম উৎপাদন কারখানায় পজিটিভ কেস  
খুঁজে পেয়েছি যা এই দুই অঞ্চলে ছোট পরিসরে সমস্যার তৈরি করেছে - এবং আমাদের কন্ট্যাক্ট  
ট্রেসিং প্রোগ্রামের মাধ্যমে আমরা দ্রুত এই ক্লাস্টারগুলো খুঁজে পেয়েছি, যার ফলে আমরা অবিলম্বে  
তাদের মোকাবেলা করতে পারবো এবং ভাইরাস ছড়ানো প্রতিরোধ করতে পারবো। আমরা একসাথে  
কাজ করেছি আক্রান্তের উর্ধ্বগতি রোধ করে সমতল করতে এবং আজ আমরা এখানে এসেছি, কিন্তু  
আমরা এখন এখানেই থামতে পারিনা। সকল নিউ ইয়র্কবাসীদের কাছে বলছি - মাস্ক পরা চালিয়ে  
যান, হাত ধুয়ে ফেলুন, সামাজিক দূরত্ব বজায় রাখুন এবং আপনার যদি কোনো লক্ষণ থাকে তাহলে  
পরীক্ষা করিয়ে নিন।"

**ওসওয়েগো কাউন্টি অ্যাপল প্যাকেজিং প্ল্যান্ট:** জুনের মাঝামাঝি সময়ে কন্ট্যাক্ট ট্রেসিং প্রচেষ্টায় জানা যায় যে তিনটি নতুন পজেটিভ COVID-19 কেস অসওয়েগো কাউন্টির একটি অ্যাপল প্যাকেজিং প্ল্যান্টের কর্মীদের মধ্যে ছিল। পরবর্তী দিনগুলোতে, স্টেট স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) এবং অসওয়েগো কাউন্টি স্বাস্থ্য বিভাগ কারখানার কর্মচারীসহ পজেটিভ কেসের পরিচিত সকল কন্ট্যাক্টের পরীক্ষা করে এবং একটি অ্যাপার্টমেন্ট কমপ্লেক্সে একটি বিনামূল্যে পরীক্ষা কেন্দ্র স্থাপন করে যেখানে বেশ কয়েকজন কর্মচারী এবং তাদের পরিবার বাস করে। 179 জন কর্মচারীর মধ্যে আজ পর্যন্ত 82 জন পরীক্ষায় পজেটিভ হয়েছে। ক্লাস্টারে তদন্ত এবং আক্রান্তের ফল হিসেবে প্লান্ট বন্ধ থাকে। কারখানার অনেক কর্মচারী ওনেডাগা কাউন্টি বা ওনাইডা কাউন্টিতে বাস করে, যা সাম্প্রতিক সময়ে নিশ্চিত পজেটিভ কেসের ক্ষেত্রে অবদান রাখছে এবং এর ফলে কাউন্টি এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং মোহক ভ্যালি উভয় অঞ্চলে পজেটিভ পরীক্ষার ফলাফলের শতকরা হার বৃদ্ধি পেয়েছে। উপরন্তু, স্টেট DOH এবং ওসওয়েগো কাউন্টি স্বাস্থ্য বিভাগ দ্বারা গৃহীত কমিউনিটি পরীক্ষা এবং তদন্ত প্রচেষ্টার ফলে, একটি স্থানীয় পঁয়াজ খামারে একটি সম্ভাব্য সংযোগ খুঁজে পাওয়া গেছে। খামারের 18 জন কর্মচারীকে আজ পর্যন্ত 4টি পজেটিভ কেস সহ পরীক্ষা করা হয়েছে।

**মন্টগোমারি কাউন্টি অ্যালুমিনিয়াম প্রস্তুতকারক কারখানা:** ওসওয়েগো কাউন্টি অ্যাপল প্যাকেজিং প্ল্যান্ট সম্পর্কিত কন্ট্যাক্ট ট্রেসিং প্রচেষ্টার অংশ হিসেবে জানা যায় যে অ্যাপল প্যাকেজিং প্ল্যান্টের বেশ কয়েকজন কর্মচারী মন্টগোমারি কাউন্টির একটি অ্যালুমিনিয়াম উৎপাদন কেন্দ্রে নতুন COVID কেসে অবদান রাখতে পারে যেখানে কর্মীদের মধ্যে বেশ কয়েকটি কেস চিহ্নিত করা হয়েছে। অ্যালুমিনিয়াম ফ্যাক্টরি দিনে 24 ঘণ্টা খোলা থাকে চারটি ভিন্ন কর্মচারী শিফটসহ এবং আজ পর্যন্ত অধিকাংশ কেস একটি শিফট এবং ভবনের দুটি ভবনের একটির সাথে বেশি সম্পর্কিত হয়েছে। ক্লাস্টারে তদন্ত এবং পজেটিভ কেসের ফলাফলের ভিত্তিতে কারখানা বন্ধ থাকে। অ্যালুমিনিয়াম কারখানার বেশ কয়েকজন কর্মচারী ওনাইডা কাউন্টির উটিকাতে বসবাস করছেন, যা সাম্প্রতিক সময়ে মোহক ভ্যালিতে পজেটিভ পরীক্ষার ফলাফলের শতকরা হার বৃদ্ধি করেছে। মন্টগোমারি কাউন্টির কারখানায় এবং উটিকাতে যে সব কর্মীদের শিফট করার কথা নেই তাদের জন্য পরীক্ষামূলক কার্যক্রম স্থাপন করা হয়েছে। 25 জুন তারিখে স্টেট DOH এবং ওনাইডা কাউন্টি হেলথ ডিপার্টমেন্ট কমিউনিটি প্রতিনিধিদের সাথে যৌথভাবে উটিকায় একটি পরীক্ষামূলক অনুষ্ঠানের আয়োজন করে, একই সাথে কমিউনিটি সদস্যদের জন্য চলমান পরীক্ষার সুযোগ স্থাপন করে, যারা হয়তো ইতোমধ্যে আক্রান্ত হতে পারে। আজ পর্যন্ত এই গুচ্ছতে 37টি পজেটিভ কেস শনাক্ত করা হয়েছে এবং অতিরিক্ত পরীক্ষার ফলাফল এখনো বাকি আছে এবং অবশিষ্ট 200 জন কর্মচারীকে আজ অন্যান্য শিফট এবং ভবন জুড়ে পরীক্ষা করা হচ্ছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)